

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর



তারিখ : ০৫/১২/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা শেরপুর সরকারি কলেজের ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, “মহান বিজয় দিবস-২০২০” উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনানুযায়ী জেলা সরকারি গণগ্রন্থাগার, শেরপুর কর্তৃক নিম্নোক্ত বিষয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের স্ব-হস্তে লিখিত রচনা আগামী ১৪/১২/২০২০ খ্রি. এর মধ্যে জেলা গণগ্রন্থাগার, শেরপুর-এ জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

রচনার বিষয় :

- ০১। একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য : বঙ্গবন্ধু ও বাংলাদেশ (অনধিক ১২০০ শব্দের মধ্যে)
- ০২। স্নাতক-স্নাতকোত্তর শ্রেণির জন্য : মুজিব শতবর্ষের বিজয় দিবস (অনধিক ১৫০০ শব্দের মধ্যে)
- ০৩। সর্বসাধারণ : বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য (অনধিক ১৮০০ শব্দের মধ্যে)

বিধিঃ

- ০১। লিখিত রচনা A4 আকারের সাদা কাগজে স্ব-হস্তে প্রতি পাতার প্রথম পৃষ্ঠায় লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ০২। ছাত্র-ছাত্রীদের রচনা স্টুডেন্ট আইডি কার্ড/স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্রসহ জমা দিতে হবে।
- ০৩। রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ০৪। রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- ০৫। রচনার শেষে তথ্যসূত্র বা যেসকল বইয়ের সাহায্য নেয়া হয়েছে তার উল্লেখ করতে হবে।


অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) ০৫/১২/২০২০

শেরপুর সরকারি কলেজ

শেরপুর

ফোন- ০৯৩১-৬১২১৯